খুলনায় ঘরে ঢুকে গৃহবধূকে গণধর্ষণের অভিযোগ

খুলনার দাকোপে ১৯ বছর বয়সী এক গৃহবধূকে গণধর্ষণের অভিযোগ উঠেছে। শুক্রবার রাত সাড়ে ১০টায় অসুস্থ অবস্থায় খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালের (খুমেকে) গাইনি বিভাগে ভর্তি করা হয়েছে ওই নারীকে। উপজেলার নলিয়ান এলাকায় এ গণধর্ষণের ঘটনা ঘটে।

আজ শনিবার সকালে তাকে খুমেকের ওসিসিতে নেওয়া হয়েছে।

খুমেকে গৃহবধূর সঙ্গে আসা তার শাশুড়ি বলেন, তার ছেলে একটি মামলায় বর্তমানে জেলে রয়েছে। তিনি ও তার স্বামী ছেলের জামিনের বিষয়ে পরিচিত একজনের সঙ্গে কথা বলতে বাড়ির বাইরে গিয়েছিলেন। এসময় তার পুত্রবধূ একাই বাড়িতে ছিল। প্রতিবেশী ইবাদুল গাজীর দুই ছেলে শরীফুল গাজী (৩০) এবং সাইফুল (২২) ও তাদের এক বন্ধু আবির শিকদার আমার ছেলের জামিনের বিষয়ে কথা বলবে বলে বউয়ের ঘরে প্রবেশ করে।

সুযোগ বুঝে তারা ধারালো দায়ের ভয় দেখিয়ে মুখ চেপে ধরে তাকে ধর্ষণ করে। পরে গৃহবধূর চিৎকারে এলাকাবাসী এগিয়ে এলে তারা পালিয়ে যায়। রাত সাড়ে ১০টায় তাকে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।
এ বিষয়ে মামলা করবেন বলে জানান তিনি।

দাকোপ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শফিক বলেন, আমরা এখন পর্যন্ত গণধর্ষণের এমন কোনো খবর পাইনি। এমন ঘটনা ঘটে থাকলে অবশ্যই দায়ীদের খুঁজে বের করে গ্রেফতার করা হবে।